সাংবাদিক তাপসের কম্বল বিতরণ

গত কয়েকদিন থেকে মেহেরপুরসহ দেশে শত্য প্রবাহ চলছে। এই শীতে সবচাইতে বেশি কষ্ট পাচ্ছে গরিব অসহায় দুস্থ মানুষেরা। এসব মানুষের পাশে দাঁড়াতে সাংবাদিক তাপস শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে।

গতকাল রবিবার তার নিজ গ্রাম গাংনীর ঢেপা ও পাশের গ্রাম জুগিন্দা তে ১০০ কম্বল গরিব অসহায় মানুষের মাঝে বিতরণ করেন।

এ সময় কম্বল পেয়ে এক বৃদ্ধ মহিলা জানান, এই শীতে সবার আগে তাপসের কাছ থেকে কম্বল পেয়ে আমি খুব আনন্দিত। আল্লাহ যেন তাকে আরো দেওয়ার তৌফিক দান করেন।

সাংবাদিক তাপস জানান, মূলত আমি একটা মেসেজ দিতে চাই সমাজের বিত্তবান ব্যক্তিদের কাছে যার যতটুকু সামর্থ্য আছে সে যেন সমাজের অসহায় ও গরীব মানুষের পাশে থাকে।

এদিকে তাপসের এই মহতি উদ্যোগকে এলাকাবাসী সাধুবাদ জানিয়েছেন।

সাংবাদিক রেজ আন উল বাসার তাপস বেসরকারি টেলিভিশন এনটিভি মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে কর্মরত আছেন।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে মুক্তিযোদ্ধা যাচাই বাছাই, প্রার্থীদের উপস্থিতি কম

মেহেরপুরের গাংনী উপজেলায় মুক্তিযোদ্ধা যাচাই বাছাই শুরু হয়েছে চলতি মাসের ১৮ তারিখ বুধবার থেকে। শুরু থেকেই মুক্তিযোদ্ধাদের উপস্থিতি কম বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

যাচাই বাছাই কার্যক্রমে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান ছাড়াও রয়েছেন মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সভাপতি সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মো: মকবুল হোসেন।

শুরুতে ধানখোলা ইউনিয়নের মুক্তিযোদ্ধাদের যাচাই বাছাই অনুষ্ঠিত হয় পরের দিন বামন্দী ইউনিয়নের মুক্তিযোদ্ধা যাচাই বাছাই হওয়ার পর রবিবার গাংনী পৌরসভা এলাকার মুক্তিযোদ্ধা যাচাই বাছাই অনুষ্ঠিত হয়।

এদিকে দ্বিতীয় দিনেও বামন্দী ইউনিয়নের উপস্থিতি ছিল ৩২ জনের মধ্যে মাত্র ১৬ জন। পৌরসভার মধ্যে মুক্তিযোদ্ধা যাচাই বাছাইয়ের দিনও ৩৬ জনের মধ্যে উপস্থিত ছিলেন ১৭ জন।

তবে মুক্তিযোদ্ধা অন্তর্ভূক্তি হওয়ার জন্য যারা আবেদন করেছিলেন তারা নিজেদের মুক্তিযোদ্ধা দাবি করেও মৌখিক স্বাক্ষাতকারে কেন অনুপস্থিত রয়েছেন এমন প্রশ্নের জবাবে পৌর এলাকার আওয়ামী লীগ নেতা আইয়ুব আলি নিজেকে মুক্তিযোদ্ধা দাবি করে বলেন অনেক মুক্তিযোদ্ধারা আসেননি কারণ তাদের স্বাক্ষী কেউ হতে চাচ্ছেন না। যে কারণে তারা দেখছেন স্বাক্ষী যদি না পাওয়া যায় তাহলে আমাদের স্বাক্ষাতকারে গিয়ে কোন লাভ হবে না একারণে অনেকেই অনুপস্থিত রয়েছেন।

তবে যাচাই বাছাইয়ে দেখা গেছে অনেকেই তারা মুক্তিযুদ্ধের সনদ আনতে ব্যার্থ হয়েছেন। অনেকে দাবি করেছেন মুক্তিযুদ্ধে অংশ না নিতে পারলেও ইয়ুথ ক্যাম্পে ট্রেইনিং চলাকালীন সময়ে দেশ স্বাধীন হয়ে গেছে। যে কারণে তারা মুক্তিযুদ্ধে অংশ গ্রহন করতে পারেননি। এদের মধ্যেই অনেকেই মুক্তিযোদ্ধা দাবি করলেও ইয়ুথ ক্যাম্পের কোন কাগজ পত্র দেখাতে পারেননি।

এ বিষয়ে জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাংগঠনিক সম্পাদক মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম বলেন, সঠিক প্রমাণাদি বা কাগজ পত্র যোগাড় করতে না পারায় অনেকে নাম দিয়েও স্বাক্ষাতকারে আসেননি তাই উপস্থিতি সংখ্যা কম।

তবে মুক্তিযোদ্ধা ও সচেতন মহল মুক্তিযোদ্ধা যাচাই বাছাইয়ে সরকার যে পদ্ধাতি গ্রহন করেছেন তাকে তারা স্বাগত জানিয়েছেন। কারণ এতে কেউ ভুয়া ভাবে মুক্তিযোদ্ধা হতে পারবে না।

- গাংনী প্রতিনিধি

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

ইসলাম জানান, আমরা বোর্ড নির্ধারিত ফিস এর বাইরে অতিরিক্ত টাকা নিচ্ছিনা। তবে তিনি বলেন আমরা শিক্ষার্থীদের কাছ থেকে উন্নায়ন ফিস বাবদ টাকা নিয়েছি।

তবে উন্নয়ন ফি’র নামে বিজ্ঞান শাখায় ৩০০ টাকা এবং মানবিক শাখায় ২৫০ টাকা নেওয়া হচ্ছে। একই প্রতিষ্ঠানে দুই রকম উন্নয়ন ফি কেন জানতে চাইলে তিনি কোন জবাব দিতে পারেন নি। উন্নয়ন ফিস নিতে পারেন কি না জানতে চাইলে, তিনি বলেন ম্যানেজিং কমিটির সিদ্ধান্তে টাকা নেওয়া হয়েছে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মীর হাবিবুল বাশার বলেন, অতিরিক্ত ফি নেয়া হয়েছে কিনা বিষয়টি আমার জানা নেই, যদি অতিরিক্ত ফি নেয়া হয়ে থাকে তাহলে অবশ্যই বিদ্যালয়টির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলার রহমান জানান, বিষয়টি শুনেছি, অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক কে অফিসে ডাকা হয়েছে, সে কিছুদিন সময় নিয়েছে টাকা ফেরত দেওয়ার জন্য।
- এ সিদ্দিকী শাহিন

ফুটপথের দোকান গুলোতে নিম্ন ও মধ্যবিত্ত মানুষের ভিড়, সুযোগ নিচ্ছে ব্যবসায়ীরা

সারাদেশে শীতের তীব্রতা থাকলেও দুদিন ধরে এক অঙ্কের ঘরে তাপমাত্রা ছিল মেহেরপুরে। এদিকে শীতের তীব্রতার বারতে থাকায় মেহেরপুরের ফুটপথ বা পুরাতন মার্কেট গুলোতে বেচাকেনা বৃদ্ধি পেয়েছে। আর বেচাকেনা বৃদ্ধি পাওয়াতে দামও বাড়িয়েছে বিক্রেতারা।

গতকাল শনিবার তাপমাত্রা কিছুটা বাড়লেও কমেনি শীতের তীব্রতা। ঘনকুয়াশা না থাকলেও সকাল বেলায় কনকনে ঠান্ডায় বিশেষ প্রয়োজন ছাড়া কেউ বের হচ্ছে না। তবে কনকনে শীতকে উপেক্ষা করে কাজের

সন্ধানে ছুটছে নিম্ন আয়ের মানুষ। বোরো বীজতলা নিয়ে শঙ্কিত কৃষকরা। এভাবে তাপমাত্রা কমতে থাকলে কোল্ড ইনজুরিতে বীজতলা নষ্ট হয়ে যেতে পারে বলে আশংকা করছেন কৃষকরা। আগুন জে¦লে শীত নিবারনের চেষ্টা করছে অনেকে।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিস জানিয়েছে, গতকাল শনিবার সকাল ৬টায় এ অঞ্চলে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১০.২ ডিগ্রি সেলসিয়াস। এর আগে তাপমাত্রা ছিল যথাক্রমে ৭.৯ এবং ৮.৫ ডিগ্রি সেলসিয়াস।
গাংনী মহিলা কলেজের প্রভাষক রমজান আলী জানান, শীত নিবারনের জন্য ফুটপথের গরম কাপড়ের দোকানে প্রচুর ভিড় করছে নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের মানুষ। সল্পমূল্যে ভালো কাপর পাওয়া যায় বলে খোলা মার্কেটে মানুষ কাপড় কিনতে আসে। কিন্তু দুইদিন শীত বাড়ার সাথে সাথে পোষাকের দামও বেড়ে গেছে।

সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক রকিবুল ইসলাম বলেন, বিশেষ করে যারা ফুটপথের বাজার গুলোতে বেচা বিক্রি করছে তাদের ব্যাপক হারে বিক্রি বেড়েছে। তবে দুইদিনের শীতে চাহিদা বাড়ার সাথে সাথে দামও বাড়ছে। অতিরিক্ত দামের বিষয়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন অনেকে।

শ্রমিক নেতা মনিরুল ইসলাম বলেন, শনিবার দুপুরেও শীতের তীব্রতা না কমায় বিভিন্ন ড্রাইভারদের সাথে নিয়ে আগুন জ¦◌ালিয়ে হাত ও পা তাপিয়ে শরীরে রক্তচলাচল স্বাভাবিক রাখছি। অনেক ড্রাইভার গাড়ি চালাতে যায়নি। শীতের তীব্রতার সাথে সাথে ঘন কুয়াশায় গাড়ী চালান ঝুকিপূর্ণ বলে অনেকে গাড়ি নিয়ে বের হননি।
তবে এই শীতে গরিব অসহায়-মানুষ গুলোর পাশে দাড়ানোর জন্য বিত্তবান ও প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেছেন অনেকে যাতে সাধারণ মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।

মেহেরপুর সদর উপজেলার আলমপুর গ্রাম আইরিন খাতুন ইরিন বলেন, মেহেরপুরের থেকেও অনেক কম দামে শিশুদের ভালো জামা-কাপর গাংনীতে পাওয়া যায়। তাই আমি খোলা বাজারে এসেছি। কিন্তু অন্যবছরের তুলনায় চলতি দাম একটু বেশি।

গাংনী উপজেলা ষোলটাকা ইউনিয়নের সাবেক ইউপি সদস্যা চামেলী খাতুন ছোট মেয়ের জন্য পোষাক ক্রয় করতে এসে বলেন, বিভিন্ন গ্রামের বহু নারী-পুরুষ ভিড় করছে এই খোলা মাকের্টে।

গাংনী শহরের ব্যবসায়ী বাবু ভিন্নভাবে অভিযোগ করে বলেন, গ্রামের অসহায় ছিন্নমূল শ্রেণীর মানুষকে বোকা বানিয়ে অধিক দামে খোলা মাকের্টে কাপড় বিক্রয় করছে অসাধু ব্যবসায়ীরা। কারণ এসব চায়না শীতের কাপরের দাম বিভিন্ন মার্কেট গুলোর ভালো মানের দোকান গুলোতেও ৫শত থেকে ১ হাজার টাকা দাম। কিন্তু এই খোলা মার্কেটেও ১ হাজার থেকে ১২’শ টাকা দাম ধরা হয়েছে। ফলে সাধারণ গ্রামের মানুষের সাথে প্রতারনা করা হচ্ছে বলে অভিযোগ করেন।

দাম বেশি নেওয়ার অভিযোগের বিষয়ে খোলা বাজারের ব্যবসায়ী ফিরোজ আহম্মেদ জানান, আমরা এর আগে যেসব বান্ডেল ১৪ হাজার টাকায় ক্রয় করেছি, সেই বান্ডেল এখন ১৭ হাজার টাকা নেয়। ফলে আমরা এখন বাধ্য হয়ে দাম বাড়িয়েছি।

গাংনী বাজার কমিটির সভাপতি মাহাবুবুর রহমান স্বপন বলেন, ব্যক্তিগত কাজে গাংনীর বাইরে থাকায় এমন হতে পারে। তবে গাংনী ফিরে এব্যাপারে ব্যবস্থা নেওয়ার কথা জানান।

রুয়েটে ভর্তি হলো গাংনীর মেয়ে সাদিয়া আফরিন আশা

গাংনীর শিক্ষক দম্পতি মো: আসাদুল হক ও মোছা: শাহিনা আক্তারের মেয়ে সাদিয়া আফরিন আশা রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হয়েছে।

সাদিয়া আফরিন আশা ২০১৭ সালে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় থেকে এস এস সি ও ২০১৯ সালে গাংনী সরকারি ডিগ্রি কলেজ থেকে উচ্চ মাধ্যমিকে এ প্লাস নিয়ে পাস করে রুয়েট এ সিভিল ইঞ্জিনিয়ারিং এ ভর্তি হয়েছে। সে সকলের দোয়া প্রার্থী।

- নিজস্ব প্রতিনিধি

[redacted]

[redacted]

তবে রেজুলেশন দেখতে চাইলে তিনি বলেন, রেজুলেশন করা হয়েছে খাতাটি তার বাসায় রয়েছে পরে দেখানো যেতে পারে। পরে যোগযোগ করা হলে তিনি বলেন আসলে রেজুলেশন খাতাটি বিদ্যালয়েই রয়েছে আমার জানা ছিলনা পরে রেজুলেশন খাতা দেখানো যাবে। স্থানীয় অনেকে নাম প্রকাশ না করার শর্তে জানান, গাছগুলো ২ থেকে ৩ লক্ষ টাকা হতে পারে।

বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি লাইলা আরজুমান বানু শিলা জানান, লিখিত ভাবে প্রধান শিক্ষক আমাকে জানায়নি। তবে মৌখিকভাবে জানিয়েছিল। আমি তাকে নিয়মের মধ্যে থেকে যেটা হয় সেভাবে কাজ করতে বলেছি। সভাপতি আরও বলেন, প্রধান শিক্ষককে উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে কথা বলে বিধিমোতাবেক যেটা হয় সেভাবে গাছ কাটতে হবে। বিধির বাইরে গেলে আমি সেটা মেনে নেবনা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান সাংবাদিকদের জানান, বিদ্যালয়ের সভাপতির দায় দিয়ে কোন গাছ কাটা যাবেনা। বিদ্যালয়ের গাছ কাটতে হলে অবশ্যই এর একটি নিয়ম আছে বিধি আছে সে বিধি মোতাবেক গাছ কাটতে হবে। তিনি বলেন সেখানে ভূমি কর্মকর্তাকে তদন্ত করে দেখতে বলা হয়েছে। তদন্ত শেষে ব্যবস্থা নেওয়া হবে।
- নিজস্ব প্রতিবেদক

গাংনী থেকে দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে দু মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে। এরা হচ্ছে- কুষ্টিয়ার মিরপুর উপজেলার সদরপুর গ্রামের মাসুদ রেজার ছেলে মনোয়ার(২৭) ও একই গ্রামের খলিলুর রহমানের ছেলে জসিম(২৫)।

বৃহষ্পতিবার গভীর রাতে বামন্দি পুলিশ ক্যাম্পের একটি টীম এদেরকে মথুরাপুর রাস্তা থেকে গ্রেপ্তার করে। উদ্ধার করা হয় ১৩ বোতল ফেনসিডিল।

গাংনী থানার ওসি (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, গ্রেপ্তারকৃত দুজন

ফেনসিডিল নিয়ে আসছে মর্মে সংবাদ পেয়ে বামন্দি পুলিশ ক্যাম্প ইনচার্জ বরকত ও সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে তাদেরকে গ্রেপ্তার করে। শুক্রবার তাদেরকে আদালতে প্রেরণ করা হয়েছে।
- গাংনী প্রতিনিধি

গাংনীতে অগ্নীকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবারকে সহায়তা প্রদান

মেহেরপুরের গাংনীতে অগ্নীকান্ডে ক্ষতিগ্রস্থ একটি পরিবারকে ২ বান্ডিল ঢেউটিন ও নগদ টাকা প্রদান করেছে গাংনী উপজেলা প্রশাসন। গাংনী উপজেলার বামুন্দি ইউনিয়নের মহব্বতপুর গ্রামের হিরাজ উদ্দীনের মেয়ে রেহেনা খাতুনের হাতে ৬ হাজার টাকার চেক২ বান্ডিল ঢেউটিন সহায়তা প্রদান করা হয়।

বৃহস্পতিবার দুপুরে ত্রাণ ও দুর্যোগ ব্যাবস্থাপনা মন্ত্রনালয়ের গাংনী উপজেলা অফিসের উদ্যোগে ঢেউটিন প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী।

বামুন্দি ইউপি চেয়ারম্যান মোঃ শহিদুল ইসলাম বিশ্বাস,পিআইও অফিসের প্রধান সহকারি রেজা আহাম্মেদ, বামুন্দি ফায়ার সার্ভিসের ইউনিট প্রধান মহিউদ্দীন সহ স্থানীয় সাংবাদিকবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

গত ১৪ ফেব্রুয়ারী অগ্নীকান্ডের ঘটনায় উপজেলার মহব্বতপুর গ্রামের বিধবা রেহেনা খাতুনের বসত ঘরটি পুড়ে ছাঁই হয়ে যায়।

- নিজস্ব প্রতিনিধি

শিক্ষক মিলনকে নিয়ে নিন্দার ঝড়

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামের অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা আব্দুল বাকীর ছেলে ও কুলবাড়ীয়া শহীদ হারেজ উদ্দীন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবু আব্দুল্লাহ (মিলন) পুনরায় মাদক ব্যবসার দায়ে আটক হওয়ায় নিন্দার ঝড় বইছে।

উপজেলায় চলছে আলোচনা-সমালোচনা এরকম শিক্ষক জাতীর জন্য কলঙ্ক বলেও নিন্দা প্রকাশ করেন বিভিন্ন সচেতন মহল।

জানাগেছে, গেলো ১৪ ডিসেম্বর শনিবার বিকেলে দেবীপুর গ্রামের একটি বাশঁবাগান ভারতীয় অবৈধ ফেন্সিডিল বিক্রয় করার সময় ৬০ বোতল ফেন্সিডিলসহ আবু আব্দুল্লাহ মিলন (৪০)কে আটক করে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের একটি দল।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, শনিবার বিকেল সাড়ে ৫ টার দিকে আবু আব্দুল্লাহ (মিলন) ফেনসিডিল বিক্রির উদ্দেশ্যে দেবীপুর গ্রামের খেজমত আলীর বাঁশবাগানের নিচে অবস্থান করছিল।

গোপন সংবাদের ভিত্তিতে জেলা ডিবি পুলিশের এস আই মিরজাহুর রহমান ও এএস আই মাহাতাব সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান চালায়। অভিযানে তাকে আটক করা হয়। পরে আবু আব্দুল্লাহ (মিলন) এর কাছ থেকে ৬০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। তার নামে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ ধারা-৩৬(১) এর ১৪(গ)/৪১একটি মামলা হয়েছে। এজাহারে অভিযুক্ত মামলা নম্বর ১৩/২৮২ তারিখ-১৪/১২/২০১৯ইং ।

অপরদিকে গাংনী থানা সূত্র জানায় গাংনী উপজেলার দেবীপুর গ্রামের অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা আব্দুল বাকীর ছেলে ও কুলবাড়ীয়া শহীদ হারেজ উদ্দীন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবু আব্দুল্লাহ (মিলন) মাদক ব্যবসার দায়ে আটক হয়। এর আগেও মাদক মামলায় এজাহারে অভিযুক্ত ২০১৮ সালের ২৪ ডিসেম্বর রাতে তাকে আটক করে। গাংনী থানার এফ আই আর নং ১১ তারিখ-২৫ ডিসেম্বর ২০১৮। ১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনের ধারা-১৯(১)এর ৩(ক)/১৯ (৪)।

হাজত থেকে জামিনে এসেও মাদক ব্যবসা চালিয়ে গেছেন বলেই মন্তব্য করছেন অনেকেই।

সরেজমিনে তার কর্মস্থল থেকে জানাযায়, ২০১৮ সালে মাদকসহ আটক হলেও সে জামিনে এসে বিদ্যালয়ে যোগদান করে। বিদ্যালয়ের শিক্ষক হাজিরা খাতায় জানুয়ারী ১ তারিখ থেকে ২৪ তারিখ পর্যন্ত সাইনের স্থান ফাকা রেখে ২৬ তারিখ থেকেই হাজিরা খাতায় স্বাক্ষর করা হয়েছে। তৎকালীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জেসের আলীর ১৭/০২/১৯ইং তারিখে স্বাক্ষরিত একটি অফিস আদেশে বলা হয়েছে ৩১ ডিসেম্বর ২০১৮ইং তারিখে আটক হওয়ার কথা বলা হয়েছে।

চুড়ান্ত প্রতিবেদ না হওয়া পর্যন্ত সকল কার্যক্রম পরিচালনা করতে পারবে। সেই অফিস আদেশ হাজিরা খাতার শেষের পাতায় রাখা হয়েছে। মাদকসহ হাতেনাতে আটক হওয়ার পরেও তখনই কেনো কোন ব্যবস্থা গ্রহন করা হয়নি এবিষয়ে কেউই কিছু বলতে পারেনি।

প্রধান শিক্ষক হারুন অর রশিদ বলেন আমি ঘটনা জানার পরেই অফিসারকে অবহিত করি। ইতোপূর্বে যখন আটক হয়েছিলো তখনই আমি শিক্ষা অফিসে জানিয়েছি তার বিরুদ্ধে যে কোন ব্যবস্থা নিতে পারে উপজেলা বা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।

উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) এহসানুল হাবিব জানান, আমি ঐ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মাধ্যমে ১৫ ডিসেম্বর জানতে পারি আমি তখনই জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অবহিত করতে পত্র প্রেরণ করেছি। পরবর্তিতে জেলা অফিস থেকে যে নির্দেশনা আসবে সেটাই বাস্তবায়ন করা হবে। তবে এটা খুবই লজ্জাজনক বিষয়। মাদকের বিরুদ্ধে সরকার কঠিন অবস্থানে আর একজন শিক্ষক সরকারী প্রতিষ্ঠানে চাকরী করে এরকম ঘৃণ্য কাজ কিভাবে করে?

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয় পরিদর্শনে এমপি খোকন

মেহেরপুরের গাংনী উপজেলার বাঁশবাড়ীয়াতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয়ে মহান বিজয় দিবস উপলক্ষে পিকনিকের আয়োজন করা হয়।
বুধবার দিনব্যাপী এ অনুষ্ঠানে বিভিন্ন ধরণের খেলা ধুলা মধ্যহ্ন ভোজের অয়োজন ছিল।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি শেখ আনিছুজ্জামান লুইজের সভাপতিত্বে অনুষ্ঠান প্রধান অতিথি হিসেবে যোগ দেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মাদ সাহিদুজ্জান খোকন।

এসময় সংসদ সদস্য তিনি বলেন, প্রতিবন্ধীরা বিশেষ চাহিদা সম্পন্ন শিশু তাদের বিশেষ অধিকার রয়েছে। বিদ্যালয়টির প্রবেশ মুখে একটি রাস্তা দরকার। রাস্তাটি যাতে খুব দ্রুত নির্মান করা যায় সে ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা হবে। খুব তাড়াতাড়ি ব্যবস্থা করিবেন বলে কথা দেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার কাউসিলর ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয় পরিচালনা পরিষদ সদস্য মিজানুর রহমান (মদন), সদস্য ও আওয়ামীলীগ নেতা শেখ শামসছদ্দীন, সহ-সভাপতি লাইলা আজুমানা আরা শিলা, বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাজমুনন্নাহার,গাংনী উপজেলা ইট ভাটা মালিক সমিতি সভাপতি মনিরুজ্জামান আতু, তেঁতুলবাড়ীয়া ইউপি সাবেক চেয়ারম্যান ও গাংনী উপজেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সস্পাদক নাজমুল হুদা বিশ্বাস, আওয়ামীলীগ নেতা ওবাইদুর রহমান কমলসহ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী অভিভাবক শিক্ষক-শিক্ষিকা কর্মচারীরা উপস্থিত ছিলেন। পরে ছাত্র-ছাত্রী অভিভাবক শিক্ষক-শিক্ষকারা বিভিন্ন ধরনের খেলাধুলা অংশ গ্রহন করে।
-নিজস্ব প্রতিনিধি